

এমআরএ/সার্কুলার লেটার নং-৫৯

তারিখ: ০৮ পৌষ ১৪২৭ বাংলা
২৩ ডিসেম্বর ২০২০ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

বিষয়ঃ- ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে ২৩ জুন, ২০২০ তারিখে এমআরএ'র সার্কুলার লেটার নং-৫৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাবে ক্ষুদ্রঋণ গ্রাহকদের স্বাভাবিক অর্থনৈতিক কর্মকাণ্ড বাধাগ্রস্ত হওয়ায় উল্লেখিত সার্কুলার লেটারের মাধ্যমে ঋণ শ্রেণিকরণের বিষয়ে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪ অনুসরণে ০১ জানুয়ারী, ২০২০ তারিখে ঋণের শ্রেণিমান যা ছিল ৩০ সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না; তবে কোনো ঋণের শ্রেণিমানের উন্নতি হলে তা বিদ্যমান নিয়মানুযায়ী শ্রেণিকরণ করা যাবে।

০৩। কোভিড-১৯ এর কারণে দেশের অর্থনীতির অধিকাংশ খাতই ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এর নেতিবাচক প্রভাব এখনও অব্যাহত রয়েছে। ফলে অন্যান্য খাতের ন্যায় দেশের ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহও তাদের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করতে পারছে না। এ পরিস্থিতিতে এমআরএ বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪ অনুসরণে ৩১ ডিসেম্বর, ২০২০ ভিত্তিক ঋণ শ্রেণিকরণ ও ঋণক্ষয় সঞ্চিত সংরক্ষণের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবেঃ

ক) ০১ জানুয়ারী, ২০২০ তারিখে ঋণের শ্রেণিমান যা ছিল ৩১ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না; তবে কোনো ঋণের শ্রেণিমানের উন্নতি হলে তা বিদ্যমান নিয়মানুযায়ী শ্রেণিকরণ করা যাবে।

খ) ঋণের শ্রেণিমান বিবেচনায় না নিয়ে ৩১ ডিসেম্বর, ২০২০ স্থিতিভিত্তিক সমুদয় ঋণের (আসল) উপর অতিরিক্ত ১% ঋণক্ষয় সঞ্চিত সংরক্ষণ করতে হবে।

০৪। মাইক্রোক্রেডিট রেগুলেটরী আইন, ২০০৬ এর ধারা ৯(চ) ও ধারা ৪৮ এ প্রদত্ত ক্ষমতা বলে এ নির্দেশনা জারী করা হলো।

০৫। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক


ফোনঃ ৪৮ ৩১ ৫৭ ১৫

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২০-৩০৬৭ (৭৫০)

তারিখঃ-২৩/১২/২০২০ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৬. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. পিএস টু সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মুহাম্মদ মিজানুর রহমান)

উপপরিচালক

মোবাঃ- ৪৮ ৩১ ৫৭ ৯৯